আমঝুপিতে সরকারি বই বিক্রির প্রতিবাদ ও মউকের নির্বাহীকে গ্রেফতারের দাবিতে মানববন্ধন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপির বেসরকারি সংগঠন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর বিরুদ্ধে সরকারি বই বিক্রির অভিযোগ ও ৪৮ ঘন্টার মধ্যে প্রতিষ্ঠান প্রধানের গ্রেফতারের দাবিতে মানববন্ধন করেছে আমঝুপির ছাত্র-ছাত্রী, অভিভাবক ও সুশীল সমাজ।

আজ মঙ্গলবার (২০ই মে) সকালে আমঝুপি বাজারে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে সদর উপজেলার শিক্ষক কমিটির সভাপতি ফয়জুল কবির, আমঝুপি আইডিয়াল স্কুলের প্রধান শিক্ষক মারুফ আহমেদ, সহকারী প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, সুশীল সমাজের প্রতিনিধি আঃ রাজ্জাক, ছাত্র সমাজের প্রতিনিধি ফজলে রাব্বী, অভিভাবক এর পক্ষে তারিখ, আশিক, নাহিদ , নাছিমসহ স্থানীয় শিক্ষার্থী ও সুশীল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মানববন্ধনে বক্তারা বলেন, তৃণমূল মডেল একাডেমী ও উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের নতুন বই নিয়মবহির্ভূত ভাবে বিক্রয়, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) শিক্ষা প্রকল্পের অনিয়ম ও দুর্নীতির অভিযোগ তুলে ধরেন।

বক্তারা বলেন, মানব উন্নয়ন কেন্দ্র (মউক) যে বিচার করে তার কোন অধিকার তাদের নেই। বিচারের নামে তারা অর্থ আত্মসাৎ করে। তার কোন আইনি বৈধতা আছে কিনা তা নিয়ে প্রশ্ন তুলেছেন।

তারা মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নির্বাহী প্রধানকে অতিসত্বর গ্রেপ্তারের দাবি জানান, তা না হলে আগামীতে বৃহৎ পরিসরে আন্দোলনের হুঁশিয়ারি দেন।

মেহেরপুরের আমঝুপিতে ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

মেহেরপুরের আমঝুপিতে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরামের ত্রৈমাসিক ডায়ালগ ও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

“সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ” এই স্লোগানকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা ও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়।

মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করে। মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিটিআই-এর সুপারিনটেনডেন্ট মোঃ সামসুজ্জামান মন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারকুল ইসলাম, কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মোঃ ইসমাইল হোসেন, কমিটির অন্যান্য সদস্যবৃন্দ, ইয়ুথ ফোরামের সদস্য, শিক্ষক এবং সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উক্ত মতবিনিময় সভায় মেহেরপুর জেলার বিশেষ করে গ্রামীণ পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, ঝরেপড়া রোধ, প্রাথমিক শিক্ষায় স্বদায়িত্ববোধ সৃষ্টি এবং গণঅংশগ্রহণ বৃদ্ধিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও ইয়ুথ ফোরাম যে সকল উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে, তার সার্বিক অবস্থান, চ্যালেঞ্জ এবং এসডিজি অর্জনে করণীয় বিষয়ে বিভিন্ন তথ্য উপাত্ত উপস্থাপন ও উন্মুক্ত আলোচনা করা হয়।

এই আলোচনা সভায় কর্মরত ও অবসরপ্রাপ্ত শিক্ষকরা তাদের শিক্ষাজীবনের বিভিন্ন সীমাবদ্ধতা, সরকারি সুযোগ-সুবিধা ও বাজেটে বরাদ্দের বৈষম্য নিয়ে অভিযোগ তুলে ধরেন। তবে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে মউকের দীর্ঘ এক যুগের অবদানও তারা তুলে ধরেন।

মেহেরপুর জেলার কৃষি বিপণন কর্মকর্তা তার বক্তব্যে কৃষিপণ্য বাজারজাতকরণে তার দপ্তরের বিভিন্ন কার্যক্রম, সরকারি সহায়তা এবং তা কৃষক শ্রেণির মাঝে কীভাবে পৌঁছানো যায় সে বিষয়ে বিস্তারিত তুলে ধরেন।

সাদ আহম্মদের সঞ্চালনায় অনুষ্ঠিত ফলপ্রসূ এই আলোচনা সভায় আরও উপস্থিত ছিলেন মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রাখো, সহকারী প্রোগ্রাম অফিসার আশিক বিল্লাহ ও চাঁদতারা সূর্য।

মেহেরপুরের আমঝুপিতে গ্লোবাল অ্যাকশন উইক উদযাপন

গ্লোবাল অ্যাকশন উইক ২০২৫ উদযাপন উপলক্ষে রবিবার সকাল ১০টায় আমঝুপির মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান যৌথভাবে এই সভার আয়োজন করে।

মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সহকারী কমিশনার (শিক্ষা ও কল্যাণ শাখা) শেখ তৌহিদুল কবীর। বিশেষ অতিথি ছিলেন জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মনরুল ইসলাম এবং উপজেলা শিক্ষা অফিসার মো. ফারুক উদ্দিন।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সভাপতি ইসমাইল হোসেন, হাজী আজগর আলী মাস্টার, সমাজসেবক আব্দুর রহমান এবং ইউপি সদস্য জেসমিন আরা। কী-নোট পেপার পাঠ করেন প্রোগ্রাম ম্যানেজার মোছা. কাজল রেখা।

আলোচনায় বিদ্যালয় সংকটকালে শিক্ষাকে এগিয়ে নিতে জীবনব্যাপী শিক্ষার বার্তা জোরদারকরণ, বিদ্যালয়ের সুরক্ষায় শিক্ষকদের সহায়তা ও অ্যাডভোকেসি করা এবং শিক্ষা খাতে সরাসরি শিক্ষার্থীদের শেখার কাজে অর্থ বিনিয়োগের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেওয়া হয়।

সভা শুরুর আগে একটি বর্ণাঢ্য র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মদ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আমঝুপি বালিকা বিদ্যালয়ে পহেলা বৈশাখ উদযাপন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে বাংলা নববর্ষ ১৪৩৩ উদযাপন উপলক্ষে এক বর্ণাঢ্য অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

পহেলা বৈশাখের এই আয়োজনে বাংলা ১৪৩২ সালকে বিদায় ও ১৪৩৩ সালকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয় যথাযোগ্য মর্যাদায়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মো: হাসিবুজামান স্বপন। স্বাগত বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন। এছাড়াও বক্তব্য দেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক রকিবুল ইসলাম, গাজিউর রহমান, রিপন, রাফিউল ইসলাম, বসির আহমদ, আবুল হাসান, শাহনাজ খাতুন, নারগিস চৌধুরী ও শাহেদা বানু।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিএসসি টিচার হাবিবুর রহমান।

সভাপতি মো: হাসিবুজ্জামান স্বপন তাঁর বক্তব্যে বলেন, “বাংলা ভাষা আমাদের গৌরব, আর পহেলা বৈশাখ আমাদের সংস্কৃতি ও ঐতিহ্যের গুরুত্বপূর্ণ অংশ। এই দিনটি শুধু একটি বর্ষবরণ নয়, এটি বাঙালির প্রাণের উৎসব।”

আনন্দঘন এই অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নবনির্বাচিত সভাপতি

স্বপনকে বরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নবনির্বাচিত ম্যানেজিং কমিটির সভাপতি হাসিবুজ্জামান স্বপনকে ফুল দিয়ে বরণ করে নেওয়া হয়েছে।

বৃহস্পতিবার বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন নবনির্বাচিত সভাপতি হাসিবুজ্জামান স্বপনের হাতে ফুল তুলে দেন।

এ সময় নবনির্বাচিত অভিভাবক সদস্য ও আমঝুপি ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. তৌফিক মীরকেও ফুল দিয়ে বরণ করেন বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফিজুর জামান।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষক প্রতিনিধি সায়েদা বানু, নারগিস চৌধুরী, গাজিউর রহমান, রিপন, রকিবুল জামান ও রবিউল ইসলাম।

মেহেরপুরের আমঝুপিতে শিশু ও নারী নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

বাংলাদেশের বিভিন্ন প্রান্তে শিশু ও নারী নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরের আমঝুপিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মউকের প্রধান কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

শিশু ও কিশোরীদের প্রতি সহিংসতা বন্ধের আহ্বান জানিয়ে বক্তব্য দেন মউকের সিনিয়র ম্যানেজার মুরাদ হোসেন ও প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

এতে জনপ্রতিনিধি, সাংবাদিক, যুবসমাজের প্রতিনিধি এবং বিভিন্ন

শ্রেণি-পেশার প্রায় অর্ধ শতাধিক মানুষ অংশগ্রহণ করেন।

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত

মেহেরপুরের আমঝুপিতে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। দিবসটি উপলক্ষে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এবং এএলআরডি’র যৌথ উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার (৮ মার্চ) সকাল ১০টায় মউকের হলরুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সাবেক শিক্ষক হাজী আজগর আলী মাস্টার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। স্বাগত বক্তব্য রাখেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ও নারী নেত্রী ফাহিমা খাতুন এবং কাজল রেখা।

মানবাধিকার কর্মী সাদ আহাম্মদের সঞ্চালনায় আলোচনা সভায় নারী অধিকার ও নির্যাতন প্রতিরোধ বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এডুকেশন প্রকল্পের উপজেলা প্রোগ্রাম ম্যানেজার শিরিন আক্তার।

এছাড়াও এসময় সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমঝুপি ইউপি সদস্য সালমা বেগম, আরিফ হোসেন, সমাজসেবক শহীদুল্লাহ এবং আব্দুর রকিব উপস্থিত ছিলেন।

আলোচনায় নারী নির্যাতনের বর্তমান চিত্র, এর কারণ ও প্রতিকার, বাল্যবিবাহ রোধসহ নারীর অধিকার প্রতিষ্ঠার বিভিন্ন দিক তুলে ধরা হয়। এর আগে একটি র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা

প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ও সরকারি সেবার সাথে সংযোগ স্থাপনের লক্ষ্যে মেহেরপুরের আমঝুপিতে লিংকেজ শেয়ারিং সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৫ ফেব্রুয়ারি) সকাল ১০টায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর আয়োজনে এবং এএলআরডি’র সহযোগিতায় মউকের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা উপসহকারী কৃষি কর্মকর্তা এস.এম আবু সালেহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের সালিশ প্রোগ্রামের প্রোগ্রাম অফিসার মোঃ গোলাম আম্বিয়া।

সভায় বক্তারা সরকারি সেবা প্রাপ্তির ক্ষেত্রে নারীদের বঞ্চিত হওয়ার বিষয়টি তুলে ধরেন। মোছাঃ তাসলিমা খাতুন, সাবিত্রী দাস ও মোছাঃ সাহেরা খাতুনসহ উপস্থিত অনেকে তাদের অভিজ্ঞতা ভাগ করেন। এছাড়া গ্রামীণ পর্যায়ে প্রান্তিক নারীদের উৎপাদনমুখী উন্নয়নের বিষয়ে আলোচনা হয়।

সভায় আমঝুপি ও বারাদী ইউনিয়নের ৩২ জন প্রান্তিক কৃষক অংশ নেন। সভার সঞ্চালনা করেন জনসমবায় দলের উন্নয়ন কর্মী মোঃ শাহিনুর হোসেন।

আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ ও বিদায়

অনুষ্ঠান

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নবীন বরণ ও এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে বিদ্যালয় প্রাঙ্গনে প্রধান শিক্ষক রুহুল আমিনের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার নির্বাহী অফিসার খায়রুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম। অনুষ্ঠানের শুরুতে শিক্ষাথীরা আমন্ত্রিত অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেয়।

অনুষ্টানে স্বাগত বক্তব্য দেন সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান। অন্যদের মধ্যে বক্তব্য দেন সহকারী শিক্ষক আবুল হাসান, বশির আহমেদ, হাবিবুর রহমান, রকিবুল ইসলাম, রাফিউল ইসলাম, রুবেল আহমেদ, নারগিস চৌধুরী, সাহিদা বানু, শাহনাজ পারভীন, গাজীউর রহমান ও রোকুনজ্জামান রোকন সহ ফারাহ হোসেন লিটন।